# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট          মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ সাদেক মসজিদে ইমাম সাহেবের খুতবা মনযোগ দিয়ে শোনে। খুতবায় ইমাম সাহেব বললেন- ইসলামের মূল বিষয়গুলো অন্তরে বিশ্বাস করা মুখে স্বীকার করা এবং তদানুযায়ী আমল করার নাম ইমান। তিনি আরো বলেন- গাছের সাথে পত্র পল্লবের যেমন সম্পর্ক ইসলাম ও ইমানের তেমন সম্পর্ক।

ক. ইমানের মূল বিষয় কয়টি? ১

খ. আকাইদের পরিচয় দাও? ২

গ. সাদেক ইমান ও ইসলামের মাঝে কী সম্পর্ক খুঁজে পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্য বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ জামান ভালো একটি চাকুরি পাওয়ার আশায় অনেক চেষ্টা-তদবির করে যাচ্ছে। একদিন সে এক ফকির বাবার সন্ধান পেল। ফকির বাবাকে তার সব কথা বলার পর ফকির বলল যা তোর সব আশা পূর্ণ হবে। তুই সকাল-সন্ধ্যা আমার নামে জিকির করবি। জামান সেখানে দেখল লোকজন ফকির বাবার পায়ে সিজদা করে। সে পুরা ঘটনা বিজ্ঞ একজন আলেমকে বললে তিনি বললেন, এ সমস্ত কিছু "শিরক"।

ক. কুফর অর্থ কী? ১

খ. শিরকত বলতে কী বুঝায়? ২

গ. ফকির বাবাকে আশা পূরণকারী মনে করা যাবে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফকির বাবা ও তার অনুসারিদের পরিণতি উল্লেখ কর। ৪

**৩.** ▶ ইজমার পরিচয় উল্লেখ করতে গিয়ে ইমাম সাহেব বললেন- যুগের প্রয়োজনে মানুষের জীবনে নিত্য নতুন সমস্যার উদ্ভব হয়। সেসব সমস্যাবলি সমাধানের জন্য নেককার মুজতাহিদগণের ঐক্যবদ্ধ সিদ্ধান্ত অপরিহার্য। কোন বিষয়ের সমাধান সরাসরি কুরআন হাদিসে না পাওয়া গেলে কুরআন ও সুন্নাহর আলোকে মুজতাহিদগণ সম্মিলিত ভাবে একটি সিদ্ধান্তে পৌঁছেন, যা ইসলামি শরীয়তের মূলনীতির একটি।

http://teachingbd.com

ক. ইজমা শব্দের অর্থ কী? ১
খ. কিয়াস এর পরিচয় দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শরীয়তের উৎপত্তি সম্পর্কে লেখ। ৩
ঘ. উদ্দীপকে বিষয়টির প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

৪. ▶ শ্রেণি শিক্ষক ছাত্র-ছাত্রীদের মানবিকতা মহানুভবতা শিক্ষাদানের উদ্দেশ্যে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা) হতে বর্ণিত হাদিসটির উদ্বৃতি দিয়ে বলেন- রাসূল (স) বলেছেন সকল সৃষ্টিই আল্লাহর আপনজন। অতএব, তিনিই আল্লাহর নিকট সর্বাপেক্ষা প্রিয় যিনি তার পরিজনের প্রতি অনুগ্রহ করেন।

ক. আল কুরআন সংকলন বোর্ডের নেতা কে ছিলেন? ১
খ. হাদিস আমাদের সৎপথের সন্ধান দেয় ব্যাখ্যা কর। ২
গ. উদ্বৃত হাদিস থেকে আমরা কী শিক্ষা পাই? ৩
ঘ. উল্লিখিত হাদিসটির মূল বিষয়বস্তু বর্ণনা কর। ৪

৫. ▶ রিফাত মনে করে আল্লাহর নিকট বান্দার আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ পন্থা হলো সালাত। সালাতের মাধ্যমেই আল্লাহর নিকট বান্দার চরম আনুগত্যের প্রকাশ পায়। তার বন্ধু সাহিদ ইসলামি অনুসাশস মেনে চলে। সে মনে করে নৈতিক উৎকর্ষ সাধনে সাওম পালন অপরিহার্য।

ক. হজ শব্দের অর্থ কী? ১
খ. যাকাত কাকে বলে? ২
গ. রিফাতের মনোভাব ব্যাখ্যা কর। ৩
ঘ. সাহিদের মনোভাব তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬. ▶ রফিক এক আলোচনায় বলল যে, ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। আল্লাহ তায়ালা কাউকে ধনী কাউকে গরিব বানিয়েছেন। আবার কেউ হয়েছেন মালিক কেউবা শ্রমিক। তবে মালিক-শ্রমিক উভয়ের অধিকার প্রতিষ্ঠার ইসলাম শ্রম নীতি প্রদান করেছে। তার বন্ধু কবির শ্রেণিকক্ষে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বললেন তোমরা গ্রহণীয় জ্ঞান অর্জনে মনোনিবেশ করবে।

ক. জিহাদের আভিধানিক অর্থ কী? ১
খ. ইবাদত বলতে কী বুঝায়? ২
গ. রফিকের বক্তব্য ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. গ্রহণীয় ও বর্জনীয় জ্ঞানের তালিকা তৈরি কর। ৪

Teachingbd.com

৭. ▶ যাকিয়া তার সব বান্ধবীকে তার বাড়ীতে দাওয়াত করে। এতে সব বান্ধবীর সাথে মুফিদাও যাওয়ার ওয়াদা করে। কিন্তু সবাই গেলেও মুফিদা যায়নি। অন্যদিকে, শফিক তার সহপাঠী আরিফকে বলল পৃথিবীর সকল মুসলমান ভাই ভাই। সবাই একই মাতা ও একই পিতার সন্তান।

ক. সত্যবাদিতার আরবী প্রতিশব্দ কী? ১

খ. নারীর প্রতি সম্মানবোধ বলতে কী বুঝায়? ২

গ. মুফিদার কাজটি মূল্যায়ন কর। ৩

ঘ. "সকল মুসলমান ভাই ভাই" কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৮. ▶ আবিদা ও রাকিবা উভয়ে বান্ধবী। কিন্তু কিছুদিন পূর্বে এদের মধ্যে বিভিন্ন বিষয় নিয়ে কথা কাটাকাটি হয়। এখন একজন অপরজনের বিভিন্ন দোষ ত্রুটি অন্যের নিকট বলে বেড়ায়। অপরদিকে, ফখরুল একটি অফিসে নির্ধারিত বেতনে চাকুরি করে, কিন্তু অন্যায়ভাবে বিভিন্ন ফাইলপত্র আটকিয়ে অর্থ আদায় করে। আবার কারো প্রয়োজনে ঋণ দিয়ে মূল অর্থের চেয়ে বেশি গ্রহণ করে।

ক. নিন্দনীয় চরিত্রের প্রতিশব্দ কী? ১

খ. শালীনতা বলতে কী বুঝায়? ২

গ. আবিদা ও রাকিবার কর্মটি উল্লেখ করে এর পরিণতি বর্ণনা কর। ৩

ঘ. ফখরুলের আচরণটি নির্ণয় করে এর কুফল উল্লেখ কর। ৪

৯. ▶ পৃথিবীর সৃষ্টির পর থেকে হাজারো নেতা মনীষী হাজারো বক্তৃতা ভাষণ দিয়েছেন কিন্তু কোন ভাষণই পৃথিবীর সকল জাতি, গোত্র, শ্রেণির জন্য কিয়ামত পর্যন্ত স্থায়ী হয়নি এবং হবেও না। কিন্তু বিদায় হজের ভাষণ পৃথিবীর সকল মানুষের জন্য দিক নির্দেশমূলক। অন্যদিকে, রাসূল (স) এর ইন্তিকালের পর ইসলামের বিভিন্ন সমস্যা দেখা দেয়। এই সকল সমস্যা হযরত আবু বকর (রা) অত্যন্ত সাহসের সাথে সমাধান করেন। তাই তাঁকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়।

ক. হিলফুল ফুযুল অর্থ কী? ১

খ. মদিনা সনদ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণটির সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৩

ঘ. ইসলামের ত্রাণকর্তা হিসাবে হযরত আবু বরক (রা) কে মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

ইসলাম ও নৈতিক শিক্ষা

বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ৪০ মিনিট

মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ইসলামের বিশ্বাসগত দিকের নাম কী?
ⓚ আখলাক ⓚ ইমান
ⓖ আকাইদ ⓖ ইহসান

২. তাওহিদে বিশ্বাসের ফলে মানুষের মাঝে প্রতিষ্ঠিত হয়—
i. ভ্রাতৃত্ব ও ঐক্য
ii. সেরা জীবের মর্যাদা
iii. সর্বত্র কর্তৃত্বের ধারণা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩. "নিশ্চয় শিরক চরম জুলুম"- এটি কোন সূরার আয়াত?
(ক) সূরা শূরা (খ) সূরা আল বাকারা
(গ) সূরা লুকমান (ঘ) আর রাহমান

৪. আলেয়ার বাজারে যাওয়া—
i. পাপের কাজ
ii. মায়ের অবাধ্যতার শামিল
iii. শিরকের বহিঃপ্রকাশ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৫. আলেয়ার পীর বাবার নিকট দোয়া চাওয়া?
(ক) কুফরী (খ) নিফাকী
(গ) শিরকি (ঘ) গুনাহ

৬. নিচের কোনটি হাক্কুল ইবাদ?
(ক) সাওম পালন করা
(খ) সালাত কায়েম করা
(গ) জানাযায় অংশ গ্রহণ করা
(ঘ) জিহাদ করা

৭. শানে নুযুল অর্থ কী?
(ক) অবতরণের কারণ (খ) আগমণের কারণ
(গ) সমাধানের কারণ (ঘ) সাহায্যের কারণ

৮. কুরবানি করা হজের কী?
(ক) ফরয (খ) ওয়াজিব
(গ) সুন্নাত (ঘ) মুস্তাহাব

৯. ইসলামের বিধি-বিধান ও আইন কানুনকে একত্রে কী বলে?
(ক) তরিকত (খ) শরিয়ত
(গ) ইজমা (ঘ) মারিফাত

১০. পরিচ্ছন্নতার আরবী প্রতিশব্দ কী?
(ক) নাজাসাত (খ) নাজাফাত
(গ) তাহারাত (ঘ) নাহারাত

১১. অত্যাচারীকে কীভাবে সাহায্য করা যায়?
i. জুলুম করতে সাহায্য করা
ii. জুলুম করা থেকে প্রতিরোধ করা
iii. জুলুম করা থেকে নিরুৎসাহিত করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i (ঘ) i, ii ও iii

১২. চরম মিথ্যাবাদীকে কী বলা হয়?
(ক) সাদিক (খ) ফাসিক
(গ) কিযব (ঘ) কাযযাব

১৩. 'হারবুল ফিজার' অর্থ কী?
(ক) ন্যায় যুদ্ধ (খ) অন্যায় আচরণ
(গ) ন্যায় আচরণ (ঘ) অন্যায় যুদ্ধ

১৪. নিউ প্লেটো নিজমের উদ্ভাবক কে ছিলেন?
(ক) আল ফারাবী (খ) ইবনে খালদুন
(গ) আল কিন্দি (ঘ) আল রাজি

১৫. لَا تَقْهَرْ অর্থ কী?
(ক) ধমক দিবেন না (খ) নিষেধ করবেন না
(গ) আশ্রয় দেবেন না (ঘ) কঠোর হবেন না

১৬. কার জন্য ফেরেশতারা দোয়া করেন?
(ক) যে বৃক্ষরোপণ করে
(খ) যে বড়দের সম্মান করে
(গ) যে দান করে
(ঘ) যে নফল রোজা রাখে

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:

আব্দুল্লাহ একজন ১০ম শ্রেণির ছাত্র। সে প্রতিদিন শুদ্ধভাবে কুরআন তেলাওয়াত করে। সে কুরআনের অর্থ বুঝার চেষ্টা করে এবং অনুসরণ করে।

১৭. আব্দুস সালাম কুরআনের তেলাওয়াতে প্রতিটি হরফের বিনিময়ে কতটি সাওয়াব লাভ করবে?
(ক) দশগুণ (খ) সাতাশ গুণ
(গ) পঞ্চাশ গুণ (ঘ) সত্তর গুণ

১৮. কুরআন তেলাওয়াতের মাধ্যমে আব্দুস সালামের—
i. অন্তর পরিশুদ্ধ হবে
ii. মর্যাদা বৃদ্ধি পাবে
iii. নৈতিক গুণাবলি উন্নতি হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৯. 'সূরা আশ শামস' কোন সূরার অন্তর্গত?
(ক) মাক্কী (খ) মাদানী
(গ) হিজাযি (ঘ) তায়েফী

Teachingbd.com

http://teachingbd.com

২০. জুননুনমিসরি একজন—
ⓚ গণিতবিদ ⓚ পদার্থবিদ
ⓖ রসায়নবিদ ⓖ ভূগোলবিদ

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

সিদ্দিকা ও শাহনাজ একই ক্লাসে পড়ে, সিদ্দিকা পরীক্ষায় ভালো করায় তার সুনাম ছড়িয়ে পড়লে শাহনাজ তা সহ্য করতে পারে না। সে সিদ্দিকার নামে নানা কুৎসা রটায়।

২১. শাহনাজের চরিত্রে কোনটি প্রকাশিত হয়েছে?
ⓚ অহংকার ⓚ হিংসা
ⓖ ক্রোধ ⓖ লোভ

২২. শাহনাজের এ কাজের পরিণতি হবে—
i. তার সৎকর্ম গুলো নষ্ট হবে
ii. আল্লাহ তাকে ক্ষমা করবেন না
iii. প্রতিষ্ঠানে সুনাম অর্জন করবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৩. আখলাক শব্দের একবচন কোনটি?
ⓚ খালাক ⓚ খালাকুন
ⓖ খুলুকুন ⓖ খুলুকান

২৪. ইমানকে গাছের কোন অংশের সাথে তুলনা করা হয়েছে?
ⓚ লতা ও পাতা ⓚ শাখা-প্রশাখা
ⓖ শিকড় বা মূল ⓖ কান্ড

২৫. কত হিজরীতে হুদায়বিয়ার সন্ধি স্থাপিত হয়?
ⓚ চতুর্থ ⓚ পঞ্চম
ⓖ ষষ্ঠ ⓖ সপ্তম

২৬. "ইনশিরাহ" শব্দের অর্থ কী?
ⓚ খুলে যাওয়া ⓚ উন্মুক্ত
ⓖ উত্তোলন করা ⓖ কথা বলা

২৭. সূরা আল ইনশিরাহ এর শেষে মহানবী (স) কে আল্লাহ কী বিষয়ে নির্দেশ দিয়েছেন?
ⓚ অবসরে ইবাদতের ⓚ যুদ্ধে অংশ গ্রহণের
ⓖ ধৈর্যের ⓖ মদিনা হিজরতের

২৮. খাদিজা (রা)-এর বিশ্বস্ত কর্মচারীর নাম ছিল—
ⓚ হালিমা ⓚ মাইমুনা
ⓖ মাইসারা ⓖ বাহিরা

২৯. হাক্কুল ইবাদ অর্থ কী?
ⓚ আল্লাহর হক ⓚ বান্দার হক
ⓖ মুসলমানদের হক ⓖ অমুসলিমদের হক

নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:

মিরাজ পবিত্র কুরআন অধ্যয়ন করে উত্তম চরিত্র ও বৈশিষ্ট্যের অধিকারী হতে চায়।

৩০. এ জন্য মিরাজকে কোন সূরা অধ্যয়ন করতে হবে?
ⓚ হিজাজি ⓚ বাগদাদী
ⓖ মাক্কি ⓖ মাদানি

৩১. এরূপ অধ্যয়নের ফলে সে আরও জানতে পারবে—
ⓚ মুনাফিকদের ষড়যন্ত্রের কথা
ⓚ কাফিরদের করুন পরিণতি
ⓖ কুপ্রথা ও আচরণ
ⓖ কাফিরদের হথ্যাযজ্ঞ কাহিনী

৩২. যে নিফাকের কাজ করে তাকে কী বলে?
ⓚ মুশরিক ⓚ মুনাফিক
ⓖ কাফির ⓖ জালিম

৩৩. কালবের সংশোধনকে কী বলা হয়?
ⓚ মিতব্যয়িতা ⓚ আত্মত্যাগ
ⓖ আত্মশুদ্ধি ⓖ সহিষ্ণুতা

৩৪. হাদিসের রাবির পরম্পরাকে কী বলে?
ⓚ সনদ ⓚ মতন
ⓖ রাবী ⓖ মারফু

৩৫. আখলাকে হামিদাহ অর্থ কী?
ⓚ অসৎ উদ্দেশ্য ⓚ নিন্দনীয় স্বভাব
ⓖ প্রশংসনীয় চরিত্র ⓖ ভালো কাজ

৩৬. জীবনে কতবার হজ ফরজ?
ⓚ একবার ⓚ দুই বার
ⓖ তিন বার ⓖ চার বার

৩৭. বিদায় হজ্জ কতসালে অনুষ্ঠিত হয়?
ⓚ ৬৩০ ⓚ ৬৩১
ⓖ ৬৩২ ⓖ ৬৩৩

৩৮. খলিফা মামুন কোথাকার খলিফা ছিলেন?
ⓚ মিসরীয় ⓚ আরাকান
ⓖ সিরিয়ান ⓖ ইরাকের

৩৯. আল্লামা ওয়াকি (র) ছাত্রের কোন বৈশিষ্ট্যের কথা বলেছেন?
ⓚ নিয়মিত ক্লাসে যাওয়া
ⓚ শিক্ষকের কথা শোনা
ⓖ সকল পাপ কাজ বর্জন করা
ⓖ অন্যদের কল্যাণ করা

৪০. ভ্রাতৃত্ববোধ মানুষকে—
i. সহনশীল করে
ii. ত্যাগের মহিমায় উজ্জীবিত করে
iii. সহযোগিতার মনোভাব সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ⓖ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com